বয়স্ক ব্যক্তিদের অর্থ সংক্রান্ত বিষয়ে আপনার নির্দেশিকা

The Law Society

আপনার নিজের ভবিষ্যত নিয়ন্ত্রণ করা

প্রত্যেক প্রাপ্তবয়স্ক লোকের তার নিজের টাকাপয়সা এবং অন্যান্য ব্যাপার নিয়ন্ত্রণ করার অধিকার আছে। তবে, কোন কোন ক্ষেত্রে, আমাদের বয়স বাড়ার সাথে সাথে এটা করার সামর্থ্য কমে যায়। অসুস্থতা, প্রতিবন্ধীত্ব, অথবা একটা দুর্ঘটনা, যে কারণেই এটা হয়ে থাকুক না কেন, এর জন্য তৈরী হওয়ার উদ্দেশ্যে কতগুলি ব্যবহারিক ব্যবস্থা আপনি নিতে পারেন।

এটা যদি আপনার অথবা আপনার ঘনিষ্ঠ কারুর পরিস্থিতির বর্ণনা হয়ে থাকে, তাহলে আইন সংক্রান্ত উপদেশ নেওয়ার কথা আপনার ভেবে দেখা উচিত। আপনার সব ব্যাপার ঠিকঠাক করতে উৎসাহ দিয়ে এবং ভবিষ্যতের জন্য আপনার ইচ্ছা জানানোর ব্যবস্থা করে, একজন সলিসিটার আপনাকে সাহায্য করতে পারবেন। একটা উইল লেখা থেকে শুরু করে, প্রয়োজন হলে পাওয়ার অভ্ এ্যাটর্নী (আমমোক্তারনামা - আপনার হয়ে কাজ করার জন্য আইনগত অনুমতি) দেওয়ার জন্য কাউকে পছন্দ করা পর্যন্ত, যে কোন কিছুই এর মধ্যে পড়তে পারে।

এতে আপনার আত্মীয়স্বজন অথবা কেয়ারারদের (যারা দেখাশোনা করেন) ভার লাঘব হতে পারে। তা নাহলে আপনার হয়ে এদের কিছু জটিল সিদ্ধান্ত নিতে অসুবিধা হতে পারে।

যেসব পরিস্থিতিতে এই সাবধানতামূলক ব্যবস্থাগুলি করার সময় থাকে না, অথবা কেউ যদি ইতিমধ্যেই 'অসমর্থ' হয়ে পড়ে থাকেন (তার নিজস্ব অর্থ সংক্রান্ত ব্যাপারগুলি চালাতে না পারেন), তাহলে সাধারণতঃ সেই ব্যক্তির আত্মীয়স্বজনদের পরামর্শ দরকার হয়। এই সব পরিস্থিতিতে কয়েক রকম জিনিষ করা যায়। এর মধ্যে একটা হচ্ছে কোর্ট অভ্ প্রোটেকশন-এর সাথে যোগাযোগ করা। এরা এই ব্যক্তির অর্থ সংক্রান্ত ব্যাপারগুলি নিয়ন্ত্রণ করার ব্যবস্থা করতে পারবে। আপনার ক্ষেত্রে কি করা সবচেয়ে ভাল, তা আপনার সলিসিটার আপনাকে বলে দেবেন।

একজন সলিসিটার খুঁজে বের করা

ইতিমধ্যেই আপনার কোন সলিসিটার না থেকে থাকলে, আপনার এলাকার সলিসিটারদের সম্বন্ধে বিস্তারিত তথ্য পাওয়ার জন্য www.lawsociety.org.uk/findasolicitor ঠিকানায় আমাদের ওয়েবসাইটে খুঁজে দেখবেন অথবা 0870 606 2555 নম্বরে ল সোসাইটিকে টেলিফোন করবেন।

আপনার সলিসিটারের যা জানার দরকার হবে

আপনি যদি মক্কেল হন, তাহলে সলিসিটারের জানা দরকার হবে যে:

- আপনি কোন উইল করেছেন কিনা;
- প্রয়োজন হলে, আপনার ব্যাপারগুলি চালানোর জন্য আপনি কাকে পছন্দ করবেন;
- আপনার কি সম্পত্তি এবং আয় রয়েছে;
- আপনার বাড়িঘর ও অন্যান্য সম্পত্তি নিয়ে কি করা হবে সে বিষয়ে আপনার কোন রকম বিশেষ ইচ্ছা আছে কিনা; এবং
- আপনার কোন একটা বিশেষ অসুখ আছে কিনা (এবং তাই যদি হয়, তাহলে আপনার ডাক্তারের সাথে কথা বলার জন্য তার অনুমতি দরকার হবে)।

আপনি যদি কোন বয়স্ক লোকের হয়ে উপদেশ নিতে চান, তাহলে সেই সলিসিটারকে প্রথমে সেই বয়স্ক ব্যক্তির সাথে কথা বলে নিশ্চিত হয়ে নিতে হবে যে তিনি উপযুক্ত উপদেশ পেতে চান এবং এই সলিসিটারকে কাজ করার নির্দেশ দিতে চান। সব তথ্যগুলি বিবেচনা করার পরে, আপনার সলিসিটার আপনাকে বুঝিয়ে বলতে পারবেন যে আপনি যেসব বিভিন্ন ধরনের ব্যবস্থা নিতে পারেন। এগুলি নিচে দেওয়া হয়েছে।

একটা অর্ডিনারী পাওয়ার অভ্ এ্যাটর্নী

শারীরিক প্রতিবন্ধীত্বের মত কোন একটা কারণে নিজের আর্থিক ব্যাপার নিজে নিয়ন্ত্রণ করতে অসুবিধা হলে, অন্য কাউকে সেটা করার অধিকার দেওয়ার জন্য এটা হচ্ছে একটা আইনগত উপায়। সাধারণতঃ আপনি বিশ্বাস করেন এরকম কাউকে, যেমন, একজন ঘনিষ্ঠ আত্মীয়, বন্ধু, বা একজন সলিসিটারকে আপনি আপনার 'এ্যাটর্নী' হিসাবে নিযুক্ত করবেন। আপনাকে এটা স্বেচ্ছায় 'দান' করতে হবে। পাওয়ার অভ্ এ্যাটর্নী কেউ 'নিতে' পারেন না। কাকে এ্যাটর্নী হিসাবে নিয়োগ করা হবে তা দাতা পছন্দ করবেন এবং সেই ব্যবস্থাটা তিনি যে কোন সময় বাতিল করে দিতে পারেন।

এই ব্যবস্থার অর্থ কি হবে সে বিষয়ে আপনি সম্পূর্ণভাবে সচেতন থাকলে শুধুমাত্র তবেই পাওয়ার অভ্ এ্যাটর্নীর ব্যবস্থাটা প্রযোজ্য হয়। নিজের ব্যাপারগুলি নিজে নিয়ন্ত্রণ করতে আপনি মানসিকভাবে অসমর্থ হলে এই ব্যবস্থা বন্ধ হয়ে যাবে।

লাস্টিং পাওয়ার অভ্ এ্যাটর্নী

অর্ডিনারী পাওয়ার অভ্ এ্যাটর্নীর থেকে লাস্টিং পাওয়ার অভ্ এ্যাটর্নীটা আর এক ধাপ বেশী, কারণ এটা চলতেই থাকে, অথবা 'দীর্ঘস্থায়ী' হয় - এমনকি অসুস্থতা, প্রতিবন্ধীত্ব, অথবা দুর্ঘটনার ফলে স্থায়ীভাবে বা অস্থায়ীভাবে আপনি আপনার নিজের ব্যাপারগুলি নিয়ন্ত্রণ করতে অসমর্থ হয়ে যাওয়ার পরও। লাস্টিং পাওয়ার অভ্ এ্যাটর্নী এখন হচ্ছে এনডিওরিং পাওয়ার অভ্ এ্যাটর্নীর বিকল্প, যদিও, 1লা অক্টোবর 2007 তারিখের আগে করা বৈধ এনডিওরিং পাওয়ার অভ্ এ্যাটর্নীগুলি এখনও ব্যবহার করা যাবে। 1লা অক্টোবর 2007 তারিখের পর আর কোন নতুন এনডিওরিং পাওয়ার অভ্ এ্যাটর্নী করা যাবে না।

কোন লাস্টিং পাওয়ার অভ্ এ্যাটর্নী বৈধ হওয়ার জন্য, এটা করার সময়, এই ব্যবস্থার অর্থ কি সে বিষয়ে আপনাকে অবশ্যই সম্পূর্ণভাবে বুঝতে হবে। একজন সার্টিফিকেট প্রদানকারীকে একটা সার্টিফিকেটে সই করে বলতে হবে যে আপনি এর অর্থ সম্বন্ধে সচেতন এবং একটা লাস্টিং পাওয়ার অভ্ এ্যাটর্নী করতে আপনাকে কেউ জোর করছে না। (একজন সার্টিফিকেট প্রদানকারী হচ্ছেন এমন একজন ব্যক্তি, যিনি আপনাকে অন্ততঃ দুই বছর ধরে চেনেন, অথবা কেউ অসমর্থ কিনা তা নির্ধারণ করায় যার বিশেষ দক্ষতা আছে।) এই এ্যাটর্নীর বয়স অন্ততঃ 18 বছর হতে হবে এবং কারুর সম্পত্তি ও টাকাপয়সার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার জন্য নিয়োগ করা হলে তিনি অবশ্যই একজন দেউলিয়া (ব্যাঙ্করাপ্ট) হতে পারবেন না। একই সময়ে একজনের বেশী সংখ্যক এ্যাটর্নী নিয়োগ করা যায়।

অফিস অভ্ পাব্লিক গার্ডিয়ান এই লাস্টিং পাওয়ার অভ্ এ্যাটর্নীটা রেজিস্টার না করা পর্যন্ত আপনার এ্যাটর্নী আপনার হয়ে কোন সিদ্ধান্ত নেওয়া শুরু করতে পারবেন না। অফিস অভ্ পাব্লিক গার্ডিয়ান আপনার এ্যাটর্নীকে সচেতন করে দেবে যে আপনার স্বার্থের পক্ষে যা সবচেয়ে ভাল তা করাই হচ্ছে তার কর্তব্য। এই লাস্টিং পাওয়ার অভ্ এ্যাটর্নীটা রেজিস্টার করার জন্য, অফিস অভ্ পাব্লিক গার্ডিয়ান একটা ফী নেয়।

ব্যক্তিগত এবং ভালমন্দ সংক্রান্ত সিদ্ধান্ত

যদি ভবিষ্যতে আপনি নিজে আপনার ব্যক্তিগত ভালমন্দ এবং চিকিৎসা সংক্রান্ত সিদ্ধান্ত না নিতে পারেন, তাহলে আপনার হয়ে তা নেওয়ার জন্য আপনার এ্যাটর্নীকে অধিকার দিয়ে একটা আলাদা লাস্টিং পাওয়ার অভ্ এ্যাটর্নী করা যায়।

লাস্টিং পাওয়ার অভ্ এ্যাটর্নীর ব্যবস্থা যে ঠিকমত করা ও রেজিস্টার করা হয়েছে, এবং সেটা যে দাতার স্বার্থের পক্ষে সবচেয়ে ভাল, তা নিশ্চিত করার জন্য একজন সলিসিটারের সাথে পরামর্শ করাটা হচ্ছে সবচেয়ে ভাল উপায়।

কোর্ট অভ্ প্রোটেক্‌শন

কেউ যদি একটা বিশেষ সময়ে একটা বিশেষ সিদ্ধান্ত না নিতে পারেন, এবং তিনি কোন লাস্টিং পাওয়ার অভ্ এ্যাটর্নী না করে থাকেন, এবং সেই সিদ্ধান্তটা রীতিগত প্রথার বাইরে নেওয়া যাবে না, তাহলে সে বিষয়টা কোর্ট অভ্ প্রোটেক্‌শন-এর কাছে পাঠানো যায়। এই আদালত (কোর্ট) হয় সেই ব্যক্তির হয়ে নিজেই সিদ্ধান্ত নিতে চাইতে পারে, নয়ত তার হয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য অন্য কাউকে মনোনীত করতে পারে, যাকে 'ডেপুটী' বলা হয়। যে ক্ষেত্রে আদালত কারুর সম্পত্তি ও আর্থিক ব্যাপার নিয়ন্ত্রণ করা চালিয়ে যাওয়ার উদ্দেশ্যে একজন ডেপুটীকে নিয়োগ করে, সে ক্ষেত্রে সাধারণতঃ সেই ডেপুটীকে হিসাব রাখতে হবে, একটা সিকিওরিটি বন্ড-এ সই করতে হবে, এবং অফিস অভ্ পাব্লিক গার্ডিয়ান-এর কাছে রিপোর্ট করতে হবে। কোর্ট অভ্ প্রোটেক্‌শন একবারই মাত্র একটা দরখাস্তের ফী নেয়, এবং সেই ডেপুটীর কাজের তত্ত্বাবধান করার জন্য অফিস অভ্ পাব্লিক গার্ডিয়ান একটা বাৎসরিক ফী নেয়।

বয়স্ক ব্যক্তিদের অর্থ সংক্রান্ত বিষয়ে আপনার নির্দেশিকা

The Law Society

এ্যাপয়েন্টিশিপ্

একজন ব্যক্তি যদি অসমর্থ হন এবং কোন অবসরভাতা বা অন্যান্য রাষ্ট্রীয় বেনিফিট তার প্রাপ্য হয়, তাহলে সেই ব্যক্তির হয়ে বেনিফিট পাওয়ার জন্য ডিপার্টমেন্ট ফর ওয়ার্ক এ্যান্ড পেন্‌শন্‌স একজন 'এ্যাপয়েন্টি' (নিয়োজিত ব্যক্তি) পছন্দ করে নিতে পারে। এই নিযুক্ত ব্যক্তি, কোন আত্মীয়, বন্ধু, অথবা সেবা দেওয়ার পেশার কেউ (যেমন লোকাল অথরিটীর সোশাল সার্ভিসেস ডিপার্টমেন্ট) হতে পারেন। দাবিদার যে অসমর্থ তার একটা প্রমাণ তাদের দেখাতে বলা হবে, যেমন একটা ডাক্তারের সার্টিফিকেট। এই সার্ভিসের জন্য কোন ফী লাগে না।

অন্যান্য আর্থিক বিষয়

বয়স্ক লোকদের ওপর প্রভাব ফেলে এরকম বহু রকমের অন্যান্য আইন সংক্রান্ত ব্যাপারে একজন সলিসিটার উপদেশ দিতে পারেন। যেমন:

- ইকুইটি রিলিজ্ স্কীম, যেখানে আপনি আপনার বসতবাড়িতে আটকে থাকা কিছু মূলধনকে ছাড়িয়ে আনতে পারবেন;
- দীর্ঘস্থায়ী দেখাশোনার ব্যবস্থার জন্য অর্থের ব্যবস্থা;
- একটা উইল করে বা বেঁচে থাকাকালীন উপহার দেওয়ার মাধ্যমে বিষয়সম্পত্তি সংক্রান্ত পরিকল্পনা; অথবা
- যেখানে আপনি সন্দেহ করেন যে একজন বয়স্ক লোক হয়ত আর্থিক অপব্যবহারের শিকার হয়েছেন।

খরচ

বিভিন্ন সলিসিটারদের মধ্যে, খরচের তফাৎ হতে পারে। আপনার পরিস্থিতি এবং কতটা সাহায্য ও উপদেশ দরকার তার ওপর খরচটা নির্ভর করে। একটা সলিসিটারের ফার্ম সম্বন্ধে সিদ্ধান্ত নেওয়ার আগে খোঁজ নিয়ে দেখবেন যে তাদের অফিসে যাতায়াত করা সহজ কিনা, এবং আইনের এই বিশেষ বিষয়টি সম্বন্ধে তাদের কতটা অভিজ্ঞতা আছে। তারা কিরকম চার্জ করেন সে বিষয়েও আপনি একটা পরিষ্কার ধারণা পেতে চাইবেন। কিন্তু শুধু খরচটাই একমাত্র বিবেচ্য বিষয় নয়। আপনি যার কাছে সহজে যেতে পারবেন এবং যার উপদেশ আপনি বুঝতে পারবেন, এরকম একজন সলিসিটার খুঁজে বের করাও সমান গুরুত্বপূর্ণ।

আরও তথ্য

সবচেয়ে বেশী যে সব ধরণের আইন সংক্রান্ত পরিষেবা (সার্ভিস) সলিসিটাররা দিয়ে থাকেন, সে বিষয়ে একগুচ্ছ প্রচারপত্রের মধ্যে এটা হচ্ছে একটা। এই শ্রেণীর অন্যান্য প্রচারপত্রগুলির নাম নিচে দেওয়া হয়েছে। আপনার সলিসিটারের কাছ থেকে বিনাপয়সায় একটা কপি চেয়ে নেবেন অথবা 0870 3333 084 নম্বরে ল সোসাইটিকে টেলিফোন করবেন।

- একটা উইল করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- একটা বসতবাড়ি কেনা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- বিবাহ-বিচ্ছেদ করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- কাজের জায়গার সমস্যা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- ব্যবসা শুরু করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- ব্যক্তিগত আঘাতের জন্য ক্ষতিপূরণ দাবি করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- আপনার সঙ্গীর সাথে বসবাস করতে শুরু করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- আপনার সম্পত্তি ভাড়া দেওয়া সম্বন্ধে আপনার নির্দেশিকা
- একটা বসতবাড়ি ভাড়া নেওয়া সম্বন্ধে আপনার নির্দেশিকা
- একজন সলিসিটার ব্যবহার করা সম্বন্ধে আপনার নির্দেশিকা
- প্রোবেট সম্বন্ধে আপনার নির্দেশিকা
- এ্যাসাইলাম (আশ্রয়) প্রার্থনা করা সম্বন্ধে আপনার নির্দেশিকা

আপনি এই প্রচারপত্রটি বড় ছাপায়, ব্রেইল-এ, কানে শোনার টেপ-এ এবং সিডিতে পেতে পারেন। আপনার যদি এই সংস্করণগুলির কোনটা দরকার হয়, তাহলে দয়া করে accessibility@lawsociety.org.uk ঠিকানায় ইমেইলে আমাদের সাথে যোগাযোগ করবেন অথবা 0870 606 2555 নম্বরে টেলিফোন করবেন।

এই প্রচারপত্রটি আপনি বিভিন্ন ভাষায়ও পেতে পারেন। www.lawsociety.org.uk ঠিকানায় আমাদের ওয়েবসাইটে গেলে আপনি এগুলি পাবেন।

Lexcel

Look for Lexcel - the mark of excellence

যদিও আমরা সঠিক তথ্য দেওয়ার জন্য যথাসাধ্য চেষ্টা করেছি, সবসময়ই আইনের পরিবর্তন হয় এবং তার প্রভাব বিভিন্ন লোকের ওপর বিভিন্নভাবে পড়ে। আপনার সম্বন্ধে ব্যক্তিগতভাবে আপনাকে বিশেষ উপদেশ দেওয়ার বিকল্প এই প্রচারপত্রটি (লিফলেটটি) নয় এবং আপনি এই প্রচারপত্রটির ওপর নির্ভর করলে, আপনার কাছে আমরা দায়ী হব না।

Designed by dmlmarketing.co.uk Version 2, 2007 Your guide to financial matters for the elderly - Bengali